

নারীরা কি পুরুষের চেয়ে সহজে প্রতারিত হয়?

কখনো কখনো...আবার কখনো কখনো নয়! চিন্তা করুন, কে প্রথম বৌদ্ধধর্ম শুরু করেছিল? বুদ্ধ। ইসলাম? মোহাম্মদ। মর্মবাদ? যোসেফ স্মিথ। এই তিন ব্যক্তি দুই বিলিয়নের অধিক মানুষকে রূহানিক দিকে প্রভাবিত করেছেন। নারী এবং পুরুষ উভয়ই প্রতারিত হতে পারে এবং বিপথগামী হতে পারে! এটি শুধুমাত্র একটি মেয়ের বিষয় নয়। এটি শুধুমাত্র একটি ছেলের বিষয় নয়। মানুষ মাত্রই ভুল করে!

কিছু লোক ১ম তিমখীয় ২ আয়াত পড়েন এবং এটা মনে করেন যে কিতাবে এটা শেখায় নারীরা কখনো শিক্ষা দিতে পারে না। তারা মনে করেন পৌল সমস্ত সংস্কৃতিতে এবং সব সময়ের জন্য নারীদের শিক্ষাদানের উপর নিষেধাজ্ঞা দিয়েছেন। কেন? কারণ হবা বিপথগামী হয়েছিল, এবং সকল নারীরা সহজে বিপথগামী হয়। ১ম তিমখীয় ২:১৪ আয়াতে:

আর আদম প্রবঞ্চিত হইলেন না, কিন্তু নারী প্রবঞ্চিত হইয়া অপরাধে পতিত হইলেন।”

ইফিস এবং আর্তেমিসের ভ্রান্ত দল

কিতাবের অনুচ্ছেদগুলো বোঝার জন্য, ওই সময়কার প্রেক্ষাপট বোঝা গুরুত্বপূর্ণ। প্রথম শতাব্দীতে ইফিস ছিল একটি সংবেদনশীল, অনৈতিক, জ্ঞান-পিপাসু (প্রি-নস্টিক) মহানগর অঞ্চল। এর অর্থনীতি ছিল পূজা অর্চনা



নির্ভর (প্রেরিত ১৯ অধ্যায় ২৩-৪১, আয়াত দেখুন)। ইফিসে দেবী আর্তেমিসের (ডায়না) পূজা করা হত। তার সূর্ণ খোঁচিত মন্দির, যা ১২০ বছর ধরে তৈরি হয়েছিল; বিশ্বের সপ্তম আশ্চর্যের একটি। এটি সমুদ্রের মাঝ থেকেও দেখা যেত। আর্তেমিস ছিলেন একজন ক্ষমতাসালী উর্বরতার দেবী যাকে, প্রায়শই দুই ডজন স্তন(জাদু পানীয়ের থলি) সহকারে দেখা যেত। তিনি এশিয়ার মহা-মাতা হিসেবে পরিচিত ছিলেন। আর্তেমিসের পূজারিরা জীবন এবং শয়তানের আত্মার উপর তার মহাজাগতিক ক্ষমতার প্রয়োগমূলক পূজা করত। আবার ইফিসে হবাকে (আর্তেমিসের সাথে সম্পর্কিত করে) আদমের পূর্বে প্রথম সৃষ্ট মাতা হিসেবে প্রতিপালন করা হত। তারা নিষিদ্ধ জ্ঞান অর্জন করাকে ভাল মনে করত। এই জ্ঞান প্রিয়, ক্ষমতা পিপাসু শহরে, জামাত ভিতর ও বাইরে থেকে মিথ্যা শিক্ষা দ্বারা আবদ্ধ ছিল। তিমখীয় এই জামাতকে সত্যের দিকে পরিচালিত করার নির্দেশনা দিয়েছিলেন।



পৌল ইফিসে কোন মিথ্যা শিক্ষা সংশোধন করছিলেন?

ধর্মবিরোধী উপকথার মুখে, পৌল তিমখীকে মূল মতবাদের সাথে পরিচয় করিয়ে দিয়েছিলেন:

- প্রথম নারী পুরুষের আগে সৃষ্টি হয়নি। পুরুষের সৃষ্টিই সর্ব প্রথম হয়েছিল- নারীর নয়।
- নারী জ্ঞানে আলোকিত ছিল না (ভাল ও মন্দের)। সে পাপে পতিত হয়েছিল।
- হবার দ্বারা প্রাপ্ত জ্ঞান ভাল ছিল না। বরং সে পাপী ছিল।

পৌল ভন্ড আর্তেমিস পূজারীদের ধর্মবিরোধীতার সম্বন্ধে ইফিসীয়দের উত্তর দিচ্ছিলেন।

উপসংহার

কিছু ঈসায়ী শিক্ষকেরা নারীদের কিতাব শিক্ষা দেওয়ার ক্ষেত্রে সীমাবদ্ধ করতে চান। তাদের দাবি নারীরা খুব সহজে বিপথগামী হয়। এই ব্যাখ্যা পৌলের মূল বিষয়কে এড়িয়ে যায়। বরং পৌল আর্তেমিসদের মিথ্যা মতবাদগুলো সংশোধন করছিলেন। তিনি প্রমাণস্বরূপ সৃষ্টির এই ধারা স্থাপন করতে চাননি যে শুধুমাত্র পুরুষেরই কালাম পরিচর্যার অধিকার থাকা উচিত।

৪ টি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি আল্লাহ সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?